

উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং- ২৪০

তারিখঃ ১৯.১২.২০২১ খ্রিঃ।

নোটিশ


আগামী ২৩.১২.২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নেত্রকোণা সদর, উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সম্মানিত সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

- ০১। আইন-শৃংখলা বিষয়ক আলোচনা।
- ০২। বিবিধ।

প্রাপকঃ
.....
নেত্রকোণা সদর, নেত্রকোণা।


অফিসার ইনচার্জ
নেত্রকোণা মডেল থানা

ও
সদস্য সচিব
আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

নেত্রকোণা সদর, উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ২৩.১২.২০২১ খ্রিঃ।

সময় : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর হাজিরা খাতায় সংরক্ষিত।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভা পরিচালনার জন্য অফিসার ইনচার্জ ও সদস্য সচিব, আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি কে অনুরোধ জানান। অফিসার ইনচার্জ প্রথমেই পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কারও কোন আপত্তি না থাকায় অনুমোদিত ও গৃহীত হয়।

অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানা জানান যে, বাল্য বিবাহ ও ইভটিজিং এর বিরুদ্ধে সরকার জিরো টোলারেন্স নীতি গ্রহণ করেছে। বাল্য বিবাহ বন্ধে সরকার আইন প্রয়োগের মাধ্যমে উভয় পক্ষকেই শাস্তির নির্দেশনা দিয়েছেন।

চেয়ারম্যান, ঠাকুরাকোণা ইউপি জানান যে, বাল্য বিবাহ ও ইভটিজিং এর বিরুদ্ধে সরকার এর কঠোর আইন থাকা সত্ত্বেও নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। তাই এ বিষয়ে ব্যাপক প্রচারের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকিং ও সভা/সেমিনার এবং নিকাহ রেজিস্ট্রারগণকে সমন্বয় করে প্রতিরোধ করার আলোচনা করা হয়। উক্ত আলোচনার উপর সকলের সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠু ও সুন্দরভাবে পালনের আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ও

সভাপতি

আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি

নেত্রকোণা সদর, নেত্রকোণা।

তারিখঃ ২৩.১২.২০২১ খ্রিঃ।

স্মারক নং- ০৪০

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।


অফিসার ইনচার্জ

নেত্রকোণা মডেল থানা

ও

সদস্য সচিব

আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি

নেত্রকোণা সদর, নেত্রকোণা।